

জেট ফ্যুয়েলের দাম বাড়লো লিটার প্রতি ১২ টাকা

- A Monitor Desk Report

Date: 12 September, 2023



ঢাকা : বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি) অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক গন্তব্যের জেট ফ্যুয়েলের দাম বৃদ্ধি করেছে। অভ্যন্তরীণ গন্তব্যের জন্য লিটার প্রতি ১২ টাকা বাড়ানো হয়েছে। আর আন্তর্জাতিক গন্তব্যের জন্য ০.১১ ডলার বাড়ানো হয়েছে।

এতে চলতি মাসে অভ্যন্তরীণ গন্তব্যের জন্য লিটার প্রতি জেট ফ্যুয়েলের দাম পড়বে ১১৮ টাকা, যা আগস্ট মাসে ছিলো ১০৬ টাকা। রবিবার এই দাম বৃদ্ধি করা হয়।

আন্তর্জাতিক গন্তব্যের জন্য ভারতের জেট ফ্যুয়েলের বাজারের গড়মূল্যের ভিত্তিতে বাংলাদেশে দাম নির্ধারণ করা হয়। আগস্টে আন্তর্জাতিক গন্তব্যের জন্য দাম ছিলো ০.৮০ ডলার এখন তা ০.১১ ডলার বেড়ে হয়েছে ০.৯১ ডলার।

আরও পড়ুন: [শাহজালালে কাস্টমস কর্মকর্তাদের মোবাইল ব্যবহারে কড়াকড়ি](#)

বিপিসি বলছে, ভারতে যে দাম রাখা হয় বাংলাদেশে তার তুলনায় কম দাম রাখা হয়।

বিপিসির একটি সূত্র বলেন, প্রতি ২ মাস পর পর জেট ফ্যুয়েলের দাম সমন্বয় করা হয়। এটা করার জন্য বিপিসি একটি কমিটি রয়েছে। দাম সমন্বয়ের জন্য আন্তর্জাতিক বাজার দর এবং ভারতের বাজার দরের উপর ভিত্তি করে নির্ধারণ করা হয়। তাদের চেয়ে অন্তত ১ টাকা হলেও কম দর নির্ধারণ করা হয়।

এভিয়েশন সংশ্লিষ্টরা বলছেন, জেট ফ্যুয়েলের দাম বেড়ে যাওয়ায় টিকেটের দামও বাড়বে যা যাত্রীর পকেট থেকেই নেয়া হবে।

